সমকাল

তারিখ 02 MAR 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

# ১২৫ উপজেলায় এডুকেশন সেন্টার উদ্বোধন আজ

■ সমকাল প্রতিবেদক

দেশের ১২৫ উপজেলায় আজ বুধবার উদ্বোধন করা হবে আইসিটি অ্যান্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন'। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল সাড়ে ১০টায় তার কার্যালয়ের শাপলা হলে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ সেন্টার উদ্বোধন করবেন।

বাংলাদেশ শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) পরিচালক মো. ফসিউল্লাহ এ তথ্য নিশ্চিত করে জানান, উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শিক্ষা মন্ত্রণালয়ের অধীন ব্যানবেইসের আয়োজনে নির্মিত এসব সেন্টার থেকে উপজেলার যে কোনো শিক্ষা প্রতিষ্ঠান কারিকুলামের ডিজিটাল কনটেন্টসহ নানা সুবিধা নিতে পারবে।